

# ক্যাম্পাসে উত্তেজনা কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ ছাত্রদলের বিবদমান দুই গ্রুপের মধ্যে গত ২৩শে জানুয়ারী হইতে উত্তেজনা বিরাজ করায় কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ এবং আগামীকাল বুধবার বিকাল

৫টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ১৯ই ফেব্রুয়ারী হইতে ১৯শে এপ্রিল পর্যন্ত শাতক ও মাস্টার্স পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করা (১০ম পৃ: ১-এর ক: স্র:)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

হইয়াছে। গতকাল (সোমবার) সিণ্ডিকেটের এক জরুরী সভায় উক্ত সিদ্ধান্ত নেওয়া হয়। এই রিপোর্ট লেখা পর্যন্ত এ সম্পর্কিত নোটিশ জারি করা হয় নাই।

রাজপথ-রেলপথ অবরোধ থাকায় ছাত্র-ছাত্রীদের যাতায়াতে অসুবিধা হওয়ার কারণে গতকাল হল ত্যাগের নির্দেশ দেওয়া হয় নাই। একজন সিণ্ডিকেট সদস্য জানান, আনুমানিক হলসমূহ সংস্কারের কারণে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগ করিতে হইবে। গত ৩০শে জানুয়ারী ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে ১ জন নিহত এবং গত শনিবার ছাত্রদলের কবির, শাকিল ও হারুন ছাত্রদলের অন্য গ্রুপ কর্তৃক প্রহৃত হওয়ার ক্যাম্পাস পরিস্থিতির অবনতি ঘটে। গত ২৪ দিন যাবৎ ক্যাম্পাসে রাত ১০টা হইতে ভোর ৬টা পর্যন্ত কারফিউ অব্যাহত আছে। গত ২৩শে জানুয়ারী হইতে ক্যাম্পাসে পুলিশ অবস্থান করিতেছে। ছাত্রদলের ২ গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করিতেছে। গত শনিবার হইতে ক্যাম্পাসে সকল প্রকার মিছিল-সমাবেশ নিষিদ্ধ করা হয়।

ছাত্রলীগ (ম-ই), ছাত্রফ্রন্ট, শিবির পৃথক পৃথক বিবৃতিতে বলিয়াছে, একটি ছাত্র সংগঠনের অভ্যন্তরীণ কোম্পলের ঝেঁসারত সাধারণ ছাত্র-ছাত্রীরা দিতে পারে না। অস্বাভাবিক প্রকাশ্যে ধোঁকাজিরা করিলেও পুলিশ সাধারণ ছাত্রদের হয়রানি করিতেছে। ওদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২৫ সদস্য বিশিষ্ট একটি আইন-শৃঙ্খলা কমিটি গঠন করিয়াছে।